অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল লেক জর্জের পানির মান উন্নত করার অতি গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পের কাজ শেষ হওয়ার ঘোষণা দিলেন

14.9 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগ গ্রামের বর্জ্যপানি পরিশোধন প্ল্যান্টের উন্নয়ন অর্থায়নে সাহায্য করেছে, লেকের পানির মান ও স্থানীয় অর্থনীতিকে সুরক্ষিত করেছে

স্টেটব্যাপী পরিষ্কার পানি অবকাঠামো নিশ্চিত করতে নিউ ইয়র্কের চলমান অঙ্গীকারের অংশ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে লেক জর্জের অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামো মেরামত ও উন্নয়ন করার একটি বহু বছরের প্রকল্পের কাজ শেষ হয়েছে, যা লেকটি এবং এর উপর নির্ভরশীল স্থানীয় অর্থনীতির দীর্ঘমেয়াদি স্বাস্থ্য রক্ষার্থে অতি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্ক স্টেট লেক জর্জ গ্রামের বর্জ্য পানি পরিশোধনাগার প্ল্যান্টের অত্যাধুনিক উন্নয়নের জন্য প্রায় 15 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে যা লেকে প্রবেশ করা দূষণকে উল্লেখযোগ্য পরিমাণ কমিয়ে দিবে এবং অঞ্চলটির জন্য দীর্ঘস্থায়ী পরিবেশগত ও অর্থনৈতিক লাভ সৃষ্টি করবে।

"নিউ ইয়র্ক স্টেট পুরো স্টেটে আমাদের লেকগুলির মান নিরাপদ রাখতে আমাদের স্থানীয় সম্প্রদায়সমূহের সাথে কাজ করতে, জনস্বাস্থ্য ও পরিবেশ রক্ষার্থে রেকর্ড বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "লেক জর্জ নর্থইস্টের সবথেকে জনপ্রিয় পর্যটন গন্তব্যগুলির একটি এবং এটি পারিবারিক ছুটি কাটানো ও কয়েক প্রজন্ম ধরে চলে আসছে এমন বার্ষিক ঐতিহ্য টিকিয়ে রাখার জন্য প্রিয় একটি স্থান। গ্রামের বর্জ্যপানি পরিশোধনাগার প্ল্যান্টে করা অতি গুরুত্বপূর্ণ উন্নয়ন এই রাজসিক জলাশয়ের ভবিষ্যৎ সুরক্ষিত রাখবে এবং একইসাথে পুরো অঞ্চলের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও পর্যটনের প্রসার করবে।"

লেজ জর্জ নিউ ইয়র্কের সর্বাধিক জনপ্রিয় পর্যটন গন্তব্যগুলির একটি। "কুইন অফ আমেরিকান লেকস" ডাকনামের এই 28,160 একরের জলাশয়টি অবস্থিত অ্যাডিরন্ড্যাকের দক্ষিণপূর্ব কোণায় যা রেভল্যুশনারি ওয়ারের সময় থেকেই একটি বড় পর্যটন আকর্ষণ। লেক জর্জের বাসিন্দা ও দর্শনার্থীরা অঞ্চলটির আউটডোর এবং জলজ বিনোদনের সমারোহ উপভোগ করে থাকে।

লেকের দক্ষিণ প্রান্তে, লেক জর্জ গ্রামটিতে একটি বর্জ্যপানি পরিশোধনাগার প্ল্যান্ট রয়েছে যা প্রথম 1932 সালে নির্মাণ করা হয়েছিলো। এটি গ্রামটিকে এবং আশেপাশের কিছু সম্প্রদায়ের জন্য কাজ করে এবং গ্রীষ্মকালীন পর্যটন মৌসুমের মতো কিছু সময় এটিকে উল্লেখযোগ্য পরিমাণ বেশি ব্যবহার করা হয়। 2014 থেকে, এই সুপ্রাচীন ফ্যাসিলিটির জন্য এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) একটি কনসেন্ট অর্ডার করা হয় যা লেকের পানির মান নষ্ট করে এমন নাইট্রেট আধিক্যের প্রশমনকে আবশ্যক করে। 2016 সালে, আধিক্য অব্যাহত থাকার কারণে, লেক জর্জ বেসিনের পানির মান উন্নত করার জন্য অর্ডারটি সংশোধন করে গ্রামটির জন্য তাদের সম্পূর্ণ ব্যবস্থা হালনাগাদ করা আবশ্যক করা হয়।

নিউ ইয়র্ক স্টেট মোট 14.9 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি প্রদান করে, যার মধ্যে রয়েছে পানি অবকাঠামো উন্নয়ন অ্যাক্ট (Water Infrastructure Improvement Act), স্টেট এবং মিউনিসিপ্যাল ফ্যাসিলিটিজ কর্মসূচি (State and Municipal Facilities program), এবং পানির ম্যান উন্নয়ন প্রকল্প কর্মসূচি (Water Quality Improvement , WQI) থেকে অনুদান। প্রকল্পটির বাকি খরচ স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) থেকে পাওয়া একটি সুদমুক্ত ঋণের সাহায্যে অর্থায়ন করা হয়েছে। বিনিয়োগটির ফলে গ্রামের করদাতাদের আনুমানিক মোট 27.3 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় হয়েছে। 2019 সালে, গ্রামটি প্ল্যান্ট উন্নয়নের নির্মাণকাজ শুরু করে এবং তার কাজ এই মাসে শেষ হয়।

এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের কমিশনার ব্যাসিল সেগোস বলেন, "অনেক শতাব্দী ধরে, সারা দেশ ও বিশ্বের মানুষ লেক জর্জের অপ্রতিদ্বন্দ্বী সৌন্দর্য দেখতে এসেছে। এইসব অতি গুরুত্বপূর্ণ বর্জ্যপানি পরিশোধনাগারের উন্নয়নকাজ শেষ করতে নিউ ইয়র্ক স্টেটের উল্লেখযোগ্য বিনিয়োগ এবং লেক জর্জ গ্রামের সাথে চলমান অংশীদারিত্ব লেকের পানির মান সুরক্ষিত ও সংরক্ষিত করবে এবং পরিপোষক পদার্থের দূষণ হ্রাস করবে এবং একইসাথে আমাদের জলাশয়ে ক্ষতিকর শৈবাল প্রস্ফুটনের (harmful algal blooms, HABs) বিরুদ্ধে লড়াই করতে স্টেটের আগ্রাসী কাজকে সমর্থন করবে।"

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "লেক জর্জ দেশের সবথেকে সুন্দর লেকগুলির একটি। অত্যাবশ্যকীয় এই প্রাকৃতিক এবং বিনোদন সংস্থান নিরাপদ করতে এই অতি গুরুত্বপূর্ণ পানির মান অবকাঠামো প্রকল্পের কাজ শেষ হওয়া নিশ্চিত করতে, EFC গ্রামের সাথে এবং আমাদের স্টেটের অংশীদারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করতে পেরে কৃতজ্ঞ। গভর্নর হোকল উপলব্ধি করেন যে মিউনিসিপ্যালিটিগুলিকে প্রজন্মে একবার আসে এমন প্রকল্পগুলির কাজ শুরু করতে এবং তার থেকেও বেশি গুরুত্বপূর্ণ, শেষ করতে সমর্থন করা কতটা গুরুত্বপূর্ণ। EFC আরো অনেক পানি অবকাঠামোর সফলতার গল্প দেখার আশা করছে, যেহেতু আমরা স্টেটের দেশের শীর্ষস্থানীয় পানির মান বিনিয়োগকে ফেডারেল দ্বিপক্ষীয় অবকাঠামো আইনের (Bipartisan Infrastructure Law) ঐতিহাসিক তহবিলের সাথে জুটিবদ্ধ করছি।"

সিনেটর চাক শুমার বলেন, "লেক জর্জ একটি প্রাকৃতিক বিস্ময় যা অবশ্যই রক্ষা করতে হবে, সেই জন্যই আমি বহু বছর ধরে এরই বর্জ্যপানি পরিশোধনাগার অবকাঠামো উন্নয়ন করার জন্য এবং স্থানীয় করদাতাদের উপর থেকে ছাপ কমানোর জন্য প্রয়োজনীয় ফেডারেল তহবিল প্রদান করতে জোর লড়াই করেছি। আমি গভর্নর হোকলের সাথে যোগ দিয়ে এই ঘোষণা করতে পেরে গর্বিত যে এই প্রকল্পটি অবশেষে লেক জর্জ সম্প্রদায়সমূহকে এবং এর অগণিত দর্শনার্থীদেরকে তাদের প্রাপ্য আধুনিক পানি অবকাঠামো প্রদান করবে এবং কুইন অফ আমেরিকাস লেকস যাতে আগামী অনেক প্রজন্ম ধরে সমৃদ্ধি নিয়ে প্রবাহিত হতে পারে তা নিশ্চিত করবে।"

স্টেটের সিনেটর ড্যানিয়েল স্টেক বলেন, "লেক জর্জ একটি ইকোলজিক্যাল বিস্ময় এবং আমাদের স্থানীয় অর্থনীতির একটি ভিত্তিপ্রস্তর। এর দীর্ঘমেয়াদি সুস্বাস্থ্যের গুরুত্বকে খাটো করে দেখা যাবে না। সেইজন্য আমি বহু বছর ধরে স্থানীয় কর্মকর্তাদের সাতে যোগ দিয়ে এইসব উন্নয়নকাজ সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় তহবিলের পক্ষে কথা বলেছি। আমি গর্বিত যে গুরুত্বপূর্ণ এই প্রকল্পটির কাজ শেষ হয়েছে এবং স্টেটের সমর্থনের প্রশংসা করছি।"

অ্যাসেম্বলি সদস্য ম্যাথু সিম্পসন বলেন, "কুইন অফ আমেরিকান লেকসের ভবিষ্যৎ সৌন্দর্য এখন আগামী অনেক প্রজন্মের জন্য নিরাপদ। এই প্রকল্পটির কাজ সফলভাবে শেষ হওয়া মেয়র বব ব্লেইস এবং লেক জর্জ গ্রামের এর মিশনের প্রতি অবিচল থাকার প্রমাণস্বরুপ, যা হলো ওয়ারেন কাউন্টি, নিউ ইয়র্ক স্টেট, এবং ফেডারেল পর্যায়ের সরকারের মুখ্য অংশীদারদের সাথে কাজ করে অত্যাবশ্যকীয় এই উন্নয়নকাজগুলি ফলপ্রসূ হতে দেখা। 114তম অ্যাসেম্বলি জেলার বাসিন্দাদের পক্ষে, আমি গভর্নর ক্যাথি হোকল, এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন কোলম্যান, এবং নিউ ইয়র্ক স্টেটের DEC কমিশনার ব্যাসিল সেগোসকে ধন্যবাদ জানাচ্ছি, লেক জর্জ ও আশেপাশের এলাকার বর্তমান ও ভবিষ্যৎ উভয়কে টেকসই রাখার জন্য তাদের অব্যাহত অবিচল সমর্থনের জন্য। এখন বাসিন্দা ও দর্শনার্থী সকলেই এমন একটি অভিজ্ঞতা উপভোগ করতে পারবে যা শুধু লেক জর্জের অনন্য বিশ্বমানের পানিই প্রদান করতে পারে এবং একইসাথে এই নির্ভেজাল প্রাকৃতিক সংস্থান এবং আঞ্চলিক অর্থনৈতিক সম্পদের প্রতি আমাদের চলমান সম্প্রদায় স্টুয়ার্ডশিপকে জোরদার করতে থাকবে।"

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক পরিষ্কার পানি অবকাঠামো প্রকল্পসমূহে বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে। গভর্নর হোকলের নেতৃত্বাধীন, 2022-23 প্রণীত বাজেট অতিরিক্ত 1.2 বিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন দেয়, যা ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিষ্কার বায়ু এবং সবুজ কর্মসংস্থানের পরিবেশগত বন্ড অ্যাক্টের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) মোট বিনিয়োগ 4.2 বিলিয়ন মার্কিন ডলার করে। এই বছরের শেষের দিকে ভোটারদের দ্বারা গৃহীত এই ঐতিহাসিক উদ্যোগটি জলের পুরাতন অবকাঠামো আপডেট করবে এবং জলের গুণমানকে রক্ষা করবে; বায়ুর দূষণ কমাবে এবং জলবায়ু-পরিবর্তনকারী নির্গমনগুলি হ্রাস করবে; বাসস্থান পুনরুদ্ধার করবে; তীব্র ঝড় এবং বন্যা সহ্য করার জন্য সম্প্রদায়গুলির ক্ষমতাকে শক্তিশালী করবে; বহিরঙ্গনের স্থান এবং স্থানীয় খামারগুলিকে সংরক্ষণ করবে; এবং

সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির সম্পদে, 40 শতাংশের লক্ষ্য সহ অন্তত 35 শতাংশ বিনিয়োগ করবে।

পাশাপাশি, বাজেটে পরিষ্কার পানির অবকাঠামোর অর্থায়নের জন্য আরো 500 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত রয়েছে, যা 2017 সাল থেকে স্টেটের মোট পরিষ্কার পানির বিনিয়োগ করে 4.5 বিলিয়ন মার্কিন ডলার। এছাড়াও এতে রয়েছে রেকর্ড 400 মিলিয়ন মার্কিন ডলারের এনভায়রনমেন্টাল প্রোটেকশন ফান্ড (Environmental Protection Fund, EPF) যা জলবায়ু পরিবর্তন প্রশমনকে এবং অভিযোজন প্রচেষ্টাকে সমর্থন করে, কৃষি সংস্থান উন্নত করে টেকসই কৃষির প্রসার করে, আমাদের পানির উৎস সুরক্ষিত রাখে, সংরক্ষণ প্রচেষ্টা অগ্রসর করে, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য বিনোদনমূলক সুযোগ প্রদান করে।

এছাড়াও নিউ ইয়র্ক স্টেট দুষ হ্রাস করতে এবং ক্ষতিকর শৈবাল প্রস্ফুটনের (harmful algal blooms, HABs) অন্যান্য কারণ হ্রাস করে। DEC একটি বহু এজেন্সির স্টেটব্যাপী HABs উদ্যোগের নেতৃত্ব দিচ্ছে খাওয়ার পানি ও স্থানীয় অর্থনীতিকে সুরক্ষিত রাখার জন্য। এখন পর্যন্ত, নিউ ইয়র্ক HAB হওয়ার কারণ ফসফরাস ও নাইট্রোজেন দূষণকে লক্ষ্য করার মাধ্যমে শৈবাল প্রস্ফুটনের ফ্রিকোয়েন্সি হ্রাস করার জন্য নকশা করা প্রকল্পসমূহে 324 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করেছে। পুরো নিউ ইয়র্কের 12টি অগ্রাধিকার পাওয়া লেকে, যেখানে HABs দেখা গেছে, কৌশলী পরিকল্পনা প্রচেষ্টা বাস্তবায়িত হয়েছে, যার মধ্যে লেক জর্জ অন্তর্ভুক্ত। এই সপ্তাহেই DEC একটি আপডেট করা লেক জর্জ HABs কর্মপরিকল্পনা (Lake George HABs Action Plan) প্রকাশ করেছে যেখানে পানির মানের পরিস্থিতি, আরো নির্ভুল ল্যান্ড কভার বিশ্লেষণ এবং ওয়াটারশেড থেকে ফসফরাসের আনুমানিক উৎসের একটি আপডেট করা সারমর্ম রয়েছে এবং স্থানীয় ও স্টেট পর্যায়ে যেই ব্যবস্থাপনা কর্মকাণ্ড করা সম্ভব তার একটি সংশোধিত তালিকা অন্তর্ভুক্ত করা হয়েছে।

DEC নিউ ইয়র্ক বাসীদের "জানুন, এড়ান, রিপোর্ট করুন (KNOW IT, AVOID IT, REPORT IT)" এর জন্য উৎসাহিত করছে। জানুন - প্রাকৃতিকভাবে হওয়া ক্ষতিকর শৈবাল প্রস্ফুটন, 'HABs, দেখতে ভিন্ন ভিন্ন হতে পারে যেমন পানিতে বিচ্ছিন্ন সবুজ ফোঁটা, বা লম্বা, সবুজ সরলরেখা, মটরশুঁটির স্যুপ বা পড়ে যাওয়া সবুজ রং, বা নীল-সবুজ বা সাদা রং। এড়ান - মানুষ, পোষাপ্রাণী এবং গবাদিপশুর রং নষ্ট হওয়া বা পৃষ্ঠতলে শৈবাল ময়লা আছে এমন পানির সংস্পর্শে যাওয়া উচিত না। *রিপোর্ট করুন* - যদি জনসাধারণের কেউ HAB সন্দেহ করে, তাহলে NYHABs অনলাইন রিপোর্টিং ফর্ম ব্যবহার করে তা রিপোর্ট করুন, যা DEC-র ওয়েবসাইটে পাওয়া যাবে।

অঞ্চলে শেষ হওয়া এবং চলমান মিউনিসিপ্যাল অবকাঠামো কাজের পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেট এছাড়াও আবাসিক ও ক্ষুদ্র ব্যবসার মালিকদের সমর্থন করার জন্য সেপটিক ব্যবস্থা প্রতিস্থাপন কর্মসূচি (Septic System Replacement Program) প্রদান করছে, যার বয়িষ্ণু ও নিম্নমানের সেপটিক ব্যবস্থার প্রতিস্থাপন এবং স্টেটব্যাপী সম্প্রদায়সমূহে সেসপুল অপসারণ করা। গত মাসে, গভর্নর হোকল সেপটিক কর্মসূচির অধীনে লেক জর্জের জন্য অতিরিক্ত অনুদান ঘোষণা করেন, যা হলো এসেক্স কাউন্টির জন্য 300,000 মার্কিন ডলার, ওয়ারেন কাউন্টির জন্য 595,000 মার্কিন ডলার, এবং ওয়াশিংটন কাউন্টির জন্য 450,000 মার্কিন ডলার। উপযুক্ত ভূমির মালিকেরা সেপটিক প্রকল্পের 50 শতাংশ পর্যন্ত অনুদান পাওয়ার যোগ্য, যা হলো প্রকল্প প্রতি

সর্বোচ্চ 10,000 মার্কিন ডলার। আরো তথ্যের জন্য, https://efc.ny.gov/septic-replacement এ যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418